

20

শীঘ্রই রাজধানীতে ১১২টি

সরকারী প্রাথমিক স্কুল ভবন

নির্মিত হবে

সামছুল ইসলাম ॥ শীঘ্রই রাজধানীতে ১১২টি সরকারী প্রাথমিক স্কুল ভবন নির্মিত হবে। প্রাথমিক গণশিক্ষা অধিদপ্তর এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে। এসব নতুন ভবন নির্মিত হলে জরাজীর্ণ সরকারী প্রাথমিক স্কুলগুলোর ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত হবে। পড়াশুনার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হবে।

সূত্র মতে, নগরীর ১২টি থানা শিক্ষা অফিস এলাকায় ১২টি আধুনিক সরকারী প্রাথমিক স্কুল ভবন নির্মিত হবে। এসব মাদ্যলয় ভবন সংলগ্ন শিশুদের জন্য ১টি সুইমিংপুল ও অডিটোরিয়ামও নির্মিত হবে। উক্ত ১২টি আধুনিক সরকারী প্রাথমিক স্কুল ভবন নির্মাণে প্রায় ১২ কোটি টাকা ব্যয় হবে। এছাড়া বাকী ১শ' সরকারী প্রাথমিক স্কুল ভবন নির্মাণে ব্যয় হবে প্রায় ৫৩ কোটি টাকা।

রাজধানীতে ৩২৪টি সরকারী প্রাথমিক স্কুল চালু আছে। ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৫ লাখ। ১৯৮৮ সাল থেকে শিক্ষক নিয়োগ বন্ধ থাকায় নগরীর সরকারী প্রাথমিক স্কুলগুলোতে ১৭৫টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। নগরীর শতাধিক জরাজীর্ণ সরকারী প্রাথমিক স্কুলে দীর্ঘ দিন যাবত ফাটল ধরেছে। সামান্য বৃষ্টি হলেই এসব ভবনের ভেতরে বাষ্টির পানি পড়ে। এতে ছাত্র-ছাত্রীদের পড়া-লেখা দারুণভাবে বিঘ্নিত হয়। ঝুঁকিপূর্ণ ভবন ধসে যে কোন সময় ছাত্র-ছাত্রীদের প্রাণনাশের ঘটনা ঘটতে পারে।

প্রাথমিক গণশিক্ষা অধিদপ্তর চলতি অর্থ বছরে ২৫টি সরকারী প্রাথমিক স্কুল ভবন নির্মাণ করবে। বাকী ৭৫টি সরকারী প্রাথমিক স্কুল পর্যায়ক্রমে নির্মিত হবে। পরীক্ষামূলকভাবে শীঘ্রই গুলশানে নতুন আমতলীতে ১টি সরকারী প্রাথমিক স্কুল ভবনের নির্মাণ কাজ শুরু হবে। এ ব্যাপারে আনুষ্ঠানিক কার্যক্রম ইতিমধ্যেই শুরু হয়েছে।